# কারখানা লাইসেন্স

**ফরম-৭৮**

[ধারা ৩২৬ এবং বিধি ৩৫৫(১) দ্রষ্টব্য]

লাইসেন্স নং ........১৯৬০৯/গাজীপুর.............................. রেজিঃ নং .......১৯৬০৯/গাজীপুর........................তারিখ০৩-১২-২০২০ খ্রিস্টাব্দ...............

শ্রেণী........"ডি"............... প্রতিষ্ঠান/শিল্পের ধরন.............ব্যাটারী......... লাইসেন্স নবায়ন ফি (টাকা) মুল ফিঃ ২,৫০০/-, নবায়ন ফিঃ- ২,২৫০/- (দুই হাজার দুইশত পঞ্চাশ) মাত্র........,

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর বিধান ও প্রদত্ত পরবর্তী পৃষ্ঠায় বর্নিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে এতদ্বারা **"কারখানা লাইসেন্স"** নবায়ন মঞ্জুর করা হইল। উহা

কেবল..........সাফাত ব্যাটারী এন্ড লিড রিফাইনিং ইন্ডাস্ট্রি.............................................................................. নামে পরিচিত হইবে ও

.................বরটেক, ভাওয়াল নারায়নপুর, কাপাসিয়া, গাজীপুর।.............................................................................. স্থানে অবস্থিত "কারখানা"

এবং জনাব.....................মোঃ মাফুজুর রহমান..........................................................মালিক/ব্যবস্থাপনা পরিচালকের জন্য প্রযোজ্য।

এই লাইসেন্স..৩০-০৬-২০২৪ খ্রিঃ তারিখ...... [redacted] পর্যন্ত বলবৎ থাকিবে।

আহমেদ বেলাল
**উপমহাপরিদর্শক**
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

"শিশুশ্রম নিষিদ্ধ"

[বিঃদ্রঃ অপর পৃষ্ঠায় দেখুন]

প্রদত্ত প্রতিপালনীয় শর্তাবলী :

১. শ্রম আইনের বিধান মোতাবেক শ্রমিক/কর্মচারীদের নির্ধারিত তথ্য সম্বলিত নিয়োগপত্র এবং ছবিসহ পরিচয় পত্র প্রদান করতে হবে।

২. কারখানায় নিয়োজিত শ্রমিক/কর্মচারীদের শ্রম আইনের বিধান মোতাবেক নির্ধারিত তথ্য সম্বলিত সার্ভিস বই সংরক্ষণ করতে হবে।

৩. কারখানার ঝুঁকিপূর্ণ কাজে মহিলা শ্রমিকদের দিয়ে কাজ করানো যাবে না এবং কারখানায় কোন শিশু শ্রমিক নিয়োগ দেয়া যাবে না।

৪. কারখানায় মহিলা শ্রমিক/কর্মচারী নিয়োগ নিয়ন্ত্রণ নিষেধাজ্ঞা সম্পর্কিত আইনের বিধান প্রতিপালন করতে হবে এবং মহিলা শ্রমিকদের মাতৃত্বকালীন সুবিধা যথাযথভাবে পরিশোধ ও মাতৃত্বকালীন ছুটি প্রদান করতে হবে।

৫. কারখানা ভবন/স্থাপনা নিরাপদভাবে তৈরি করতে হবে এবং যন্ত্রপাতি (জেনারেটর, বয়লার, কমপ্রেসার ইত্যাদি) নিরাপদ স্থানে সকল প্রকার নিরাপত্তা ঘেরাসহ বৈদ্যুতিক সরবরাহ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা (ওয়্যারিং, আর্থিং, সংযোগ, সুইচ বোর্ডসহ বিভিন্ন ডিভাইস) নিরাপদভাবে স্থাপন ও রক্ষনাবেক্ষণ করতে হবে।

৬. ২০ জনের অধিক সংখ্যক ব্যক্তির কর্মসংস্থানযুক্ত কক্ষসমূহে কমপক্ষে দু'টি করে বহির্গমন পথ এবং উক্ত বহির্গমন পথ, চলাচলের পথ, সিঁড়ি ও মেঝেসমূহ যথাযথভাবে রক্ষণাবেক্ষণ ও প্রতিবন্ধকতামুক্ত রাখতে হবে।

৭. কারখানায় পর্যাপ্ত সংখ্যক অগ্নি নির্বাপক যন্ত্র ও সরঞ্জাম এবং হোজরিল নির্দিষ্ট পয়েন্টসমূহে কার্যকরভাবে সচল রাখতে হবে।

৮. প্রযোজ্য ক্ষেত্রে কারখানায় 'অগ্নি নির্বাপনী পরিকল্পনা' থাকতে হবে এবং প্রশিক্ষিত অগ্নিনির্বাপক দল কর্তৃক নিয়মিতভাবে অগ্নি নির্বাপন মহড়ার আয়োজন করতে হবে।

৯. উপযুক্ত লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান হতে বৈদ্যুতিক ওয়্যারিং, সরবরাহ ও নিয়ন্ত্রণ ব্যবস্থার সঠিকত্ব সনদ গ্রহণপূর্বক নিয়মিত পরীক্ষা করে রেকর্ড সংরক্ষণ করতে হবে।

১০. সকল উত্তোলক যন্ত্র (ক্রেন, লিফট, হয়েস্ট এসবের সংযোগকারী সরঞ্জামাদি) আইনের বিধান মোতাবেক যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করতে উপযুক্ত ব্যক্তির দ্বারা যথাসময়ে সম্পূর্ণভাবে পরীক্ষা করাতে হবে এবং উহাদের গায়ে নিরাপদ ভারবহন ক্ষমতা লিপিবদ্ধ করতে হবে।

১১. আইনের বিধান অনুযায়ী স্বাস্থ্য ঝুঁকি রয়েছে এরুপ ক্ষেত্রে শ্রমিকদের জন্য পর্যাপ্ত ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম (PPE) সরবরাহ করে এর ব্যবহার নিশ্চিত করতে হবে।

১২. আইনের বিধান মোতাবেক সেইফটি কমিটি গঠন পূর্বক সেইফটি রেকর্ড বুক সংরক্ষণ করতে হবে এবং কারখানায় উপযুক্ত মানের শিশুকক্ষ স্থাপন করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

১৩. প্রতি বছর ৩০ জুনের মধ্যে লাইসেন্স নবায়নের আবেদন করতে হবে এবং পরবর্তী এক বছরের মধ্যে বিলম্ব ফি প্রদান সাপেক্ষে নবায়ন আবেদন না করলে লাইসেন্সটি সরাসরি বাতিল বলে গন্য হবে।

১৪. যে সকল প্রতিষ্ঠানের পরিশোধিত মুলধনের পরিমান অন্যূন এক কোটি টাকা বা স্থায়ী সম্পদের মূল্য অন্যূন দুই কোটি টাকা সে সকল প্রতিষ্ঠানের মালিক কর্তৃক প্রত্যেক বৎসর শেষ হওয়ার নয় মাসের মধ্যে পূর্ববর্তী বৎসরের নীট মুনাফার পাঁচ শতাংশ (৫%) অর্থ ৮০: ১০: ১০ অনুপাতে যথাক্রমে অংশগ্রহন তহবিল, কল্যান তহবিল ও শ্রমিক কল্যান ফাউন্ডেশন তহবিলে প্রদান করতে হবে।

১৫. মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী যৌন হয়রানি প্রতিরোধকল্পে যৌন হয়রানি প্রতিরোধে কার্যকর কমিটি গঠন করতে হবে।

১৬. কারখানায় নিয়োজিত শ্রমিকদের মজুরি যথাসময়ে পরিশোধ করতে হবে এবং সরকার ঘোষিত নিম্নতম মজুরি প্রদান নিশ্চিত করতে হবে।

১৭. শ্রমিক নিয়োগকারী প্রতিষ্ঠান উহার স্থায়ী জনবল কাঠামোর কোন পদে ঠিকাদার সংস্থার মাধ্যমে কোন শ্রমিক বা কর্মী নিয়োগ করতে পারবে না।

১৮. অনুমোদিত লে-আউট প্লানের সাথে কারখানার সকল স্থাপনার বাস্তব অবস্থার মিল থাকতে হবে এবং লে-আউট প্লানের কোন সংশোধন, পরিবর্তন ও সম্প্রসারণের পূর্বে অবশ্যই অনুমোদন নিতে হবে।

১৯. মিথ্যা বিবরণ এবং তথ্য প্রদান ও সংরক্ষণ শ্রমআইনে দন্ডনীয় অপরাধ।

২০. প্রযোজ্য শ্রম আইনের অন্যান্য বিধি বিধানের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

উপমহাপরিদর্শক
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়